

109340 - কোরবানীর পশু জবাই করার সময় জবাইকারী কি নিয়ত উচ্চারণ করবে?

প্রশ্ন

প্রশ্ন: কোরবানীর পশু জবাই করার সময় জবাইকারী যদি বলে: এটি অমূকের পক্ষ থেকে অর্থাৎ কোরবানকারীর নাম উল্লেখ করে সেটা কি নিয়ত উচ্চারণ করার পর্যায়ে পড়বে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

এইকথা বলা নিয়ত উচ্চারণ করার মধ্যে পড়বেনা। কেননা “এই পশু আমার ও আমার পরিবারের পক্ষ থেকে” জবাইকারীর এ কথা বলা তার অন্তরের সংবাদ মাত্র। জবাইকারী তো বলছে না যে, “আল্লাহুম্মাইনি উরিদুআন উদাহ্‌হি” (অর্থ- হে আল্লাহ, আমিকোরবানী করতে চাই) যেভাবে নিয়ত উচ্চারণকারী বলে থাকেন। তিনি তো শুধু তার অন্তরে যারয়েছে তা প্রকাশ করেছেন মাত্র। নচেৎ নিয়ত তো এর আগেই পাকা হয়েছে: যখন থেকে তিনিকোরবানীর পশুটিকে হাজির করেছেন, মাটিতে শুইয়ে দিয়েছেন এবং জবাই করা শুরু করেছেন তখন থেকে তার নিয়ত পাকা হয়েছে।